



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

২০ জানুয়ারি ২০২৫

বিষয়ঃ কনজুমার কম্প্ল্যান্ট ম্যানেজমেন্ট সিস্টেম (CCMS) শীর্ষক ওয়েব পোর্টাল উদ্বোধন

আজ ২০ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ১০ টায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক অনলাইন ভিত্তিক অভিযোগ ব্যবস্থাপনা তথা কনজুমার কম্প্ল্যান্ট ম্যানেজমেন্ট সিস্টেম (CCMS) শীর্ষক ওয়েব পোর্টাল এবং সফটওয়্যার উদ্বোধন করা হয়। অধিদপ্তরে এ সিস্টেম

উদ্বোধন করেন অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১) জনাব মোহাম্মদ আলীম আখতার খান।

এসময় উপস্থিত ছিলেন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব আব্দুল জিলিল, পরিচালক (অভিযোগ ও তদন্ত) জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম, পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার) জনাব ফকির মুহাম্মদ মুনাওয়ার হোসেন। এসময় অধিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা বিভাগীয় কার্যালয় ও ঢাকা জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ সশরীরে এবং অন্যান্য বিভাগীয় ও জেলা কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ অনলাইনে জুম প্লাটফর্মের মাধ্যমে সংযুক্ত ছিলেন।

উল্লেখ্য, গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখ থেকে উক্ত সিস্টেমটি ঢাকা মহানগর ও জেলায় পাইলটিং করা হয় এবং বিভিন্ন পর্যায়ে অংশীজনের মতামত গ্রহণ শেষে আপডেট করা হয়। পাইলটিং শেষে আজ থেকে এটা সারাদেশের জন্য চালু করা হয়েছে। এর মাধ্যমে দেশের যেকোন প্রান্ত থেকে ক্ষতিগ্রস্ত ভোক্তাগণ অভিযোগ দায়ের করতে পারবেন। এতে অভিযোগ আরো দ্রুত ও সহজভাবে নিষ্পত্তি করা সম্ভব হবে।

স্বাক্ষরিত/-

আফরোজা রহমান

উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর